

# Visit of Minister of Foreign Affairs of the Hellenic Republic (Greece) to India (March 22-23, 2022)

March 23, 2022

## হেলেনিক প্রজাতন্ত্র (গ্রীস) -এর বিদেশমন্ত্রীর ভারত সফর (মার্চ, 22-23, 2022)

মার্চ, 23, 2022

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকরের আমন্ত্রণে গ্রীসের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার নিকোস ডেনডিয়াস 22 থেকে 23শে মার্চ 2022 তারিখে ভারতে এক সরকারি সফর করেছেন। ভারতে তার এটিই ছিল প্রথম সফর।

2. 23শে মার্চ 2022 তারিখে গ্রীসের বিদেশমন্ত্রী প্রতিনিধি স্তরীয় আলোচনার জন্য ভারতের বিদেশমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেছেন। ভারতের স্বাধীনতার 75 বছর পূর্তির জন্য গ্রীকপক্ষ অভিনন্দন জানিয়েছে। বিদেশমন্ত্রী গ্রীকপক্ষকে 200 বছর আগে তাদের স্বাধীনতা যুদ্ধশুরুর 200 বছরের জন্য অভিনন্দন জানিয়েছেন।

3. গণতন্ত্র, স্বাধীনতা এবং আইনের শাসনের উপরে ভিত্তি করে ভারত এবং গ্রীস ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ বন্ধনের ভাগীদার। আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক সমৃদ্ধশালী সভ্যতার সংযোগ দ্বারা চিহ্নিত। এই বন্ধনগুলি ঘনঘন উচ্চপর্যায়ের সফরদ্বারা বৈশিষ্ট্যপূর্ণ, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ভারতের মাননীয় রাষ্ট্রপতির 2017 সালে গ্রীস সফর, 2017 সালে গ্রীসের প্রধানমন্ত্রীর ভারত সফর এবং 2021-এর জুন মাসে বিদেশমন্ত্রীর গ্রীস সফর।

4. উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আগাগোড়া আলোচনা করেছেন এবং দুইদেশের মধ্যে ঘনিষ্ঠ ও সৌহার্দ্যপূর্ণ বন্ধনকে আরও মজবুত করার উপায় অন্বেষণ করেছেন। দুই মন্ত্রী আশা ব্যক্ত করেছেন যে, 2022-এর 15ই এপ্রিল নির্দিষ্ট থাকা অষ্টম দফার জয়েন্ট ইকোনমিক কমিটির বৈঠক বাণিজ্য এবং বিনিয়োগ বন্ধনকে আরও প্রেরণা জোগাবে। বাণিজ্যের উল্লেখযোগ্য বৃদ্ধিকে তারা প্রশংসা করেছেন এবং কোভিড অতিমারীর চ্যালেঞ্জের ক্রকুটি সত্ত্বেও এই বাণিজ্য 1 বিলিয়ন মার্কিন ডলার মূল্যকে অতিক্রম করেছে। দুইপক্ষ জাহাজ ও সামুদ্রিক, তথ্য প্রযুক্তি, কৃষি, নব ও পুনর্নবীকরণ শক্তি এবং ওষুধ নির্মাণ-এর মত পারস্পরিক লাভজনক ক্ষেত্রগুলিতে সহযোগিতাকে আরও উন্নত করার জন্য একসাথে কাজ করতে সম্মত হয়েছে।

5. উভয়পক্ষ নতুন ভূ-রাজনৈতিক এবং ভূ-অর্থনৈতিক বাস্তবতার নিরিখে পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় গুলি নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময় করেছেন। ইউরোপীয় ইউনিয়ন, পূর্ব ভূমধ্যসাগরীয়, আফগানিস্তান ও ইউক্রেনের সাথে জড়িত ঘটনাবলী নিয়েও আলোচনা হয়েছে। দুইপক্ষ, বহুপাক্ষিকতা, এবং একটি আইন ভিত্তিক আন্তর্জাতিক শৃঙ্খলার প্রতি তাদের গভীর প্রতিশ্রুতিকে ব্যক্ত করেছেন। তারা রাষ্ট্রসঙ্ঘে স্বরিত সংস্কার সাধনের গুরুত্বকে পুনরায় নিশ্চিত করেছেন। খুব শীঘ্রই পরবর্তী বিদেশ দপ্তর পরামর্শ সংঘটিত হবে বলে সম্মত হওয়া গেছে।

6. শৃঙ্খলাবদ্ধভাবে এবং আইনীভাবে জনগণের যাতায়াতের গুরুত্বকে উভয়পক্ষ উল্লেখ করেছে এবং অভিবাসন ও চলাচলের অভিপ্রায়ে উপরে একটি ঘোষণাপত্র স্বাক্ষরিত হয়েছে।
7. তাদের সমৃদ্ধশালী অতীতকে বিবেচনার মধ্যে রেখে, উভয়পক্ষ সংস্কৃতি এবং শিক্ষার ক্ষেত্রে তাদের বজায় রাখতে সম্মত হয়েছে। সফরকালে 2022-2026 , এই পাঁচ বৎসর একটি সাংস্কৃতিক এবং শিক্ষা বিনিময় কার্যক্রম স্বাক্ষরিত হয়েছে।
8. গ্রিসের বিদেশমন্ত্রী আন্তর্জাতিক সৌর জোড়ের পরিকাঠামোর চুক্তিতে স্বাক্ষরকারী হিসেবে গ্রিসের অনুমোদনের উপকরণ হস্তান্তর করেন।
9. দুইপক্ষ, দ্বিপাক্ষিক সম্পর্ককে একটি কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার সম্ভাবনা নিয়ে আলোচনা করেছেন।
10. আমাদের সমুদ্রপথকে মুক্ত রাখতে এবং যাতায়াত ও বাণিজ্যের জন্য উন্মুক্ত রাখার গুরুত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। উভয়পক্ষ সমুদ্র আইন (ইউএসসিএলওএস)-এর সাথে জড়িত থাকার এবং সমর্থন করার প্রয়োজনীয়তার উপরেও জোরারোপ করেছে।
11. তার সফরকালে গ্রীসের বিদেশমন্ত্রী মাননীয় উপরাষ্ট্রপতি শ্রী এম বেক্সাইয়া নাইডুর সাথেও সাক্ষাৎ করেন।
12. গ্রিসের বিদেশমন্ত্রীর সফর ভারত ও গ্রিসের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সুসংহত করার লক্ষ্যে উচ্চ-স্তরের বিনিময়ের গতি বজায় রাখতে অবদান রেখেছে।

নিউ দিল্লি

মার্চ 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.